



নং- ৪৫.০০.০০০০.১৮২.৯৯.১০৪.১০-৩১৩

তারিখ: ০৮ পৌষ ১৪২৭
২৩ ডিসেম্বর ২০২০

প্রজ্ঞাপন

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ২৬/০৫/২০১৬ খ্রি. তারিখের প্রজ্ঞাপন নং-স্বাপকম/জনস্বাস্থ্য-১/ঔষধ-৪১/২০০৮(অংশ-৩)-৬০৫ মোতাবেক গঠিত 'জেলা ঔষধের অনিয়ম প্রতিরোধ সংক্রান্ত এ্যাকশন কমিটি' এর রূপরেখা পরিবর্তন করে আরও সমন্বয়যোগ্য কার্যপরিধি সংযোজনপূর্বক নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

ক্র.সং.	সদস্য	সভাপতি
০১.	জেলা প্রশাসক	সভাপতি
০২.	পুলিশ সুপার, সংশ্লিষ্ট জেলা	সদস্য
০৩.	সিভিল সার্জন, সংশ্লিষ্ট জেলা	সদস্য
০৪.	উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সংশ্লিষ্ট জেলা	সদস্য
০৫.	জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা	সদস্য
০৬.	অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সংশ্লিষ্ট জেলা	সদস্য
০৭.	উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা)	সদস্য
০৮.	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ইউএইচএফপিও), (সংশ্লিষ্ট জেলার সকল উপজেলা)	সদস্য
০৯.	উর্ধ্বতন স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা/ জুনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা, সংশ্লিষ্ট জেলা	সদস্য
১০.	সভাপতি/ সেক্রেটারী, জেলা কমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি, সংশ্লিষ্ট জেলা	সদস্য
১১.	সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন, জেলা কার্যালয়	সদস্য-সচিব

২। কমিটির কার্যপরিধি:

- কমিটি স্ব-স্ব জেলার আওতাধীন এলাকায় লাইসেন্স ও ফার্মাসিস্টবিহীন ঔষধের দোকান, মেয়াদ উত্তীর্ণ ঔষধ বিক্রয়কারী এবং নকল, ভেজাল ও আনরেজিস্টার্ড ঔষধ/ ভ্যাকসিন প্রস্তুতকারী, বিক্রয়কারী ও সরবরাহকারীদের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনা করার ব্যবস্থা করবে এবং ঔষধ আইন ১৯৪০, ঔষধ নিয়ন্ত্রণ অধ্যাদেশ ১৯৮২ এবং বিশেষ ক্ষমতা আইন ১৯৭৪ অনুযায়ী সংশ্লিষ্ট অপরাধীদের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করবে;
- কমিটির সভাপতি প্রতিমাসে মোবাইল কোর্ট পরিচালনার তথ্য সমীক্ষণপূর্বক স্বাস্থ্য সেবা বিভাগ এবং ঔষধ প্রশাসন অধিদপ্তরে প্রেরণ করার বিষয়টি নিশ্চিত করবে;
- কমিটির সদস্য সচিব (সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন, জেলা কার্যালয়) প্রতিমাসে গৃহীত ব্যবস্থা সম্পর্কে আলাদাভাবে ঔষধ প্রশাসন অধিদপ্তরের মহাপরিচালক বরাবর একটি পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিল করবে;
- নকল, ভেজাল ও আনরেজিস্টার্ড, মেয়াদ উত্তীর্ণ ঔষধ/ ভ্যাকসিন ক্রয়-বিক্রয় প্রতিরোধ ও অ্যান্টিবায়োটিকের যৌক্তিক ব্যবহার নিশ্চিত করার যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে;
- সংক্রামক ব্যাধি বিশেষকরে কোভিড-১৯ রোগ প্রতিরোধে সরকার কর্তৃক ঘোষিত স্বাস্থ্য বিধি মেনে চলার প্রচারণার বিষয়টি নিশ্চিত করবে;
- কমিটি প্রতি ০২ (দুই) মাসে অন্তত: একবার সভা করবে।

৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ

২৬-১২-২০২০

মোহাম্মদ মোস্তাফিজুর রহমান

সহকারী সচিব

ফোন- ৯৫৪৫৪৬২

E-mail: drugad1@hsd.gov.bd

অ: পৃ: দ্র:

নং- ৪৫.০০.০০০০.১৮২.৯৯.১০৪.১০-৩১৩/১(১৪০০)

তারিখ: ০৮ পৌষ ১৪২৭
২৩ ডিসেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
০৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৫. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৬. সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
০৭. বিভাগীয় কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৮. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৯. মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১০. অতিরিক্ত সচিব (ঔষধ প্রশাসন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১২. জেলা প্রশাসক, _____
১৩. পুলিশ সুপার, _____
১৪. সিভিল সার্জন, _____
১৫. জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, _____
১৬. উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, _____
১৭. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
১৮. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৯. অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, _____
২০. উপজেলা নির্বাহী অফিসার, _____
২১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ইউএইচএফপিও), _____
২২. জেলা উর্ধ্বতন স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা/জেলা জুনিয়র স্বাস্থ্য শিক্ষা কর্মকর্তা, _____
২৩. সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন জেলা কার্যালয়, _____
২৪. সভাপতি/সেক্রেটারী, জেলা কমিস্ট এন্ড ডাগিস্ট সমিতি, _____
২৫. অফিস কপি।